

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৭. ২. মোশির নেতৃত্বে মাদিয়ানীয়দের নির্বিচার গণহত্যা / ৯. ৭. ২. ১. মোশির আশ্রয়স্থল ও শ্বশুরালয়

৯. ৭. ২. মোশির নেতৃত্বে মাদিয়ানীয়দের নির্বিচার গণহত্যা

আমরা ইতোপূর্বে দেখেছি যে, যুদ্ধের ক্ষেত্রে বাইবেলের অন্যতম নির্দেশনা পরাজিত জাতির মানুষদের মধ্যে নির্বিচার গণহত্যা ও ধ্বংসযজ্ঞ চালানো। যুদ্ধের পরে পরাজিত জাতির যারা জীবিত থাকবে বা বন্দি হবে তাদেরকে নারী-পুরুষ ও শিশু-বৃদ্ধ নির্বিশেষে হত্যা করা, তাদের দেশের পশু-প্রাণিকে হত্যা করা এবং তাদের গ্রাম ও শহরগুলো পুড়িয়ে দেওয়ার নির্দেশ আমরা দেখেছি। বাইবেলের নবীরা নিষ্ঠার সাথে এ নির্দেশ পালন করেছেন। বাইবেল অনুসারীরা বাইবেলের অন্যান্য নির্দেশ পালনে অবহেলা করলেও গণহত্যার নির্দেশগুলো আন্তরিকতার সাথেই পালন করেছেন বলে দেখা যায়। এরূপে একটা গণহত্যা মোশির নেতৃত্বে মাদিয়ানীয়দের গণহত্যা।

৯. ৭. ২. ১. মোশির আশ্রয়স্থল ও শৃশুরালয়

বাইবেলের বর্ণনায় মিসরীয়কে হত্যার পর মোশি পালিয়ে মাদিয়ানীয়দের মধ্যে আশ্রয় নেন। তিনি চল্লিশ বছর তাদের আশ্রয়ে থাকেন। তিনি তথাকার ইমাম যিথ্রো (Jethro/ Reuel)-এর মেয়ে সফুরা (Zipporah)-কে বিবাহ করেন। (যাত্রা/ হিজরত ২/১১-১৫, ২১) কিন্তু মাদিয়ানীয়দের নির্মূলে বাইবেলীয় ঈশ্বর ও তাঁর মহান ভাববাদীর নির্মমতা ছিল খুবই বেশি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14601

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন